**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

**[ মূসক আইন ও বিধি শাখা ]**

**ব্যাখ্যা পত্র নং- ১/মূসক/২০২৫** / ০৪ **তারিখঃ ২৬ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/ ৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।**

**বিষয়ঃ সুপারশপ কর্তৃক সরবরাহের বিপরীতে উপকরণ-উৎপাদ সহগ ঘোষণার (মূসক-৪.৩) প্রযোজ্যতা বিষয়ে স্পষ্টীকরণ ও দিকনির্দেশনা প্রদান।**

সূত্রঃ বাংলাদেশ সুপারমার্কেট ওনার্স অ্যাসোসিয়েশন এর ২৩ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর আওতায় টার্নওভার নির্বিশেষে নিবন্ধন ও কর আদায় সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ড হতে জারীকৃত সাধারণ আদেশ নং-১৭/মূসক/২০১৯, তারিখ: ১৭ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ এর অনুচ্ছেদ-১ অনুযায়ী সুপারশপ এর ব্যাখ্যা নিম্নরূপ:

> "সুপারশপ অর্থ শীতাতপ নিয়ন্ত্রিত হউক বা না হউক, আয়তন নির্বিশেষে কোন স্বতন্ত্র ও পরিপূর্ণ দোকান, যেখানে আধুনিক বিজ্ঞানসম্মত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্যসম্মত, জীবানুমুক্ত ও প্রিজারভেটিভবিহীন মাছ-মাংস, চাল-ডাল, শাক-সবজী, ফল-মূলসহ দৈনন্দিন ব্যবহার্য গৃহস্থালি ও মনোহারী পণ্য বিক্রয় করা হইয়া থাকে এমন দোকান।"

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ এর মাধ্যমে ব্যবসায়ী পর্যায়ের ভ্যাটের হার ৫ শতাংশের পরিবর্তে ৭.৫ শতাংশে উন্নীত করায় সুপারশপ এর ক্ষেত্রেও ৭.৫ শতাংশ ভ্যাটের হার প্রযোজ্য। তাছাড়া, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৫ অনুযায়ী কোন নিবন্ধিত ব্যক্তি তৃতীয় তফসিলে বর্ণিত হ্রাসকৃত ভ্যাটের হার কিংবা সুনির্দিষ্ট করের পরিবর্তে নির্ধারিত পদ্ধতিতে ১৫ শতাংশ হারে ভ্যাট প্রদানের বিধান রয়েছে। অধিকন্তু, একই আইনের ধারা ৩২ এর উপ-ধারা (৫) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২১ অনুযায়ী নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তিকে পণ্য উৎপাদন বা সরবরাহের পূর্বে বিভাগীয় কর্মকর্তার নিকট উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিল করতে হয়। এতদ্ব্যতীত, আইনের ধারা ৪৬ এর উপ-ধারা (১) এর দফা (ড) অনুযায়ী, উপকরণ-উৎপাদ সহগ এ ঘোষিত নেই এমন উপকরণ বা পণ্যের বিপরীতে পরিশোধিত উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাবেনা। অপরদিকে, জাতীয় রাজস্ব বোর্ডের ব্যাখ্যাপত্র নং-০৮/মূসক/২০২০, তারিখ: ১৪ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে সেবা সরবরাহকারীদের জন্য উপকরণ-উৎপাদ সহগ ঘোষণার (মূসক-৪.৩) প্রয়োজন নেই মর্মে উল্লেখ করা হয়েছে। সুপারশপ প্রতিষ্ঠানসমূহ যেহেতু, বিভিন্ন ধরনের পণ্য আমদানি বা স্থানীয়ভাবে ক্রয়পূর্বক (উৎপাদন ব্যতীত) সরবরাহ করে থাকে, সেহেতু, সুপারশপ কর্তৃক ৭.৫ শতাংশের পরিবর্তে ১৫ শতাংশ হারে ভ্যাট পরিশোধ করা হলে উপকরণ কর রেয়াত গ্রহণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হতে পারে। উল্লেখ্য যে, সুপারশপ কর্তৃক সরবরাহকৃত পন্যের সংখ্যা অত্যাধিক হওয়ায় এক্ষেত্রে উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) ঘোষণা প্রদান দুরুহ।

০৪। আলোচ্য ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের দিক-নির্দেশনা নিম্নরূপ:

সুপারশপ প্রতিষ্ঠানসমূহ যেহেতু, বিভিন্ন ধরনের পণ্য আমদানি বা স্থানীয়ভাবে ক্রয়পূর্বক (উৎপাদন ব্যতীত) সরবরাহ করে থাকে, সেহেতু, সুপারশপ কর্তৃক সরবরাহের ক্ষেত্রে ১৫ শতাংশ হারে ভ্যাট পরিশোধ করা হলে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অন্যান্য বিধানাবলি পরিপালন সাপেক্ষে উপকরণ কর রেয়াত গ্রহণের ক্ষেত্রে উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা (মূসক-৪.৩) দাখিল করতে হবে না।

০৫। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩২ক এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

স্বাঃ

[ ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী ]
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ০২২২২২১৭৭২৫, এক্সঃ ৭৫৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ কমিশনার,
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/
চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/
বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৬৩.১৪/ ৫৪ (২১) তারিখ: ৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।

২-৫। সদস্য (কাস্টমস নীতি)/ (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৬-১১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।

১২-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।

১৬-১৭। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর / শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

১৮। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।

১৯। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।

২০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [ তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ, ওয়েব সাইটে প্রকাশ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো ]

২১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২২। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২৩। সভাপতি, বাংলাদেশ সুপার মার্কেট ওনার্স এসোসিয়েশন, ১১ মহাখালী (৫ম তলা) বা/এ, ঢাকা-১২১২।

২৪-২৬। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(কাস্টমস নীতি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

[ ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী ]
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ০২২২২২১৭৭২৫, এক্সঃ ৭৫৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com